বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা - ১৩৪১।
www.blri.gov.bd
প্রকাশনা ও জনসংযোগ শাখা

----

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ রাকিবুল হাসান<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২০/০৮/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ (দ্বিতীয় তলা), প্রশাসনিক ভবন, বিএলআরআই |
| উপস্থিতি | সংযুক্তি-ক অনুযায়ী |

**গত ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত একটি সভা গত ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএলআরআই-এর ইনোভেশন অফিসার ড. মোঃ রাকিবুল হাসান। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ (সংযুক্তি-ক এ সন্নিবেশিত)-

| ক্রমিক নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম | সিস্টেম এনালিস্ট | স্বাক্ষরিত |
| ০২। | মোছাঃ মাহফুজা খাতুন, সদস্য, ইনোভেশন টিম | উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৩। | ডা: মোঃ জাকির হাসান, সদস্য, ইনোভেশন টিম | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৪। | দেবজ্যোতি ঘোষ, সদস্য, ইনোভেশন টিম | তথ্য কর্মকর্তা | স্বাক্ষরিত |

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরতেই ইনোভেশন টিমের সদস্য জনাব দেবজ্যোতি ঘোষ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে বর্তমান অর্থবছরে ইনোভেশন টিমের করণীয় কার্যক্রমসমূহ তুলে ধরেন। এছাড়াও গত ০৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অবহিতকরণ কর্মশালার আলোচনার সারাংশ এবং নির্দেশনাসমূহও সভায় তুলে ধরা হয়। সভায় উপস্থিত সদস্যগণ সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিজেদের মতামত ব্যক্ত করেন। সভাপতি এবং ইনস্টিটিউটের ইনোভেশন অফিসার ড. মোঃ রাকিবুল হাসান সুষ্ঠুভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন এবং সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানান।


বিস্তারিত আলোচনার ভিত্তিতে সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

**সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহঃ**

| ক্রমিক নং | সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [১.১.১] নং উপধারা অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটালাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা চেয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

| | | |
|---|---|---|
| ০২ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [২.১.১] নং উপধারা অনুসারে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটালাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদ করার লক্ষ্যে বিদ্যমান ও কার্যক্রম চলমান রয়েছে এমন উদ্ভাবনী ধারণাসমূহের উদ্ভাবকগণের অংশগ্রহণে একটি সভা আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৩ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [৩.১.১] নং উপধারা অনুসারে বিএলআরআই এর বিভিন্ন বিভাগ, দপ্তর ও আঞ্চলিক কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত নতুন এবং বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে নির্ধারিত সময়ের মধ্যেই একটি ইনোভেশন শোকেসিং আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [৪.১.১] নং উপধারা অনুসারে ডি-নথি ব্যবহারের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে ই-নথিতে কার্যক্রম বৃদ্ধিকল্পে এবং প্রয়োজনীয় প্রমাণক সংগ্রহ করার লক্ষ্যে বিভাগ, দপ্তর ও আঞ্চলিক কেন্দ্রসমূহ অনুযায়ী ডি-নথি ও হার্ড ফাইল হিসাব তৈরি করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৫ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [৫.১.১] নং উপধারা অনুসারে তথ্য বাতায়ন হালনাগাদ করার লক্ষ্যে বিএলআরআই এর বিভিন্ন বিভাগের সংক্ষিপ্ত বিবরণ (লক্ষ্য, উদেশ্য, অর্জন) সংগ্রহপূর্বক ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৬ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [৬.১.১] নং উপধারা অনুসারে চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তির ব্যবহার ও ডিজিটাল সেবা পদ্ধতি প্রণয়নের অংশ হিসেবে অনলাইন ছুটি ব্যবস্থাপনা পদ্ধতি সংক্রান্ত একটি অবহিতকরণ কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৭ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [৬.১.১] নং উপধারা অনুসারে নির্ধারিত সময়ের মধ্যেই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৮ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি শিডিউল ক্যালেন্ডার প্রস্তুতের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০৯ | ইনোভেশন টিম গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনে দপ্তর/সংস্থার পরিকল্পনা সেল হতে ইনোভেশন টিমে ন্যূনতম একজন সদস্য থাকার বিধান থাকায় ড. মোঃ মাসুদ রানা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা) কে ইনোভেশন টিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা |

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮-০৮-২০২৩


ড. মোঃ রাকিবুল হাসান
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২ ২২৪৪৯১৬৮৫ (ফোন)
+৮৮০২ ২২৪৪৯১৬৭৫ (ফ্যাক্স)
head.tptd@gmail.com


**নম্বর:** ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.১৩৭

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট;

২। উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ,পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট;

৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট;

৪। কম্পিউটার অপারেটর, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং

৫। উচ্চমান সহকারী, প্রশাসন শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

দেবজ্যোতি

২৯-০৮-২০২৩

দেবজ্যোতি ঘোষ

তথ্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-কঃ উপস্থিতি তালিকা